দৈনিক
জনকণ্ঠ

25 MAR 2016
পৃঃ ১৪ কলাম ৮

জাতীয় বিশ্ববিদ্যালয়

# ১ম বর্ষ স্নাতক কোর্সে ভর্তির পুনঃআবেদন ২৯ মার্চ

**নিজস্ব সংবাদদাতা, গাজীপুর, ২৪ মার্চ ॥** জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ও ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সে ভর্তির পুনর্আবেদন ২৯ মার্চ হতে শুরু হচ্ছে। উক্ত কোর্সে ভর্তির কার্যক্রমে যে সব শিক্ষার্থী প্রথম পর্যায়ে প্রাথমিক আবেদন করেনি, সে সব শিক্ষার্থী আগামী ২৯ মার্চ বিকেল ৪টা থেকে ৩ এপ্রিল রাত ১২টা পর্যন্ত অনলাইনে আবেদন করতে পারবে। এ সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.edu.bd/admissions অথবা admissions.nu.edu.bd) থেকে জানা যাবে। উল্লেখ্য, এ সব নতুন প্রাথমিক আবেদনকারীর কোন মেধা তালিকা প্রকাশ করা হবে না তৎপরবর্তীতে তাদের মেধা তালিকায় স্থান পেতে অবশ্যই রিলিজ স্লিপের মাধ্যমে অনলাইনে প্রাথমিক আবেদন করতে হবে।